

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৬.০২৬.০০.০০.০০২.২০১২- ২৭৬

তারিখ : ০৫ ফেব্রুয়ারি, ২০১৬।

বিষয় : পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলা পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ।

সূত্র : উপজেলা নির্বাহী অফিসার, তেঁতুলিয়া-এর স্মারক নং-০৫.৪৭.৭৭৯০.৮৩১.০২.০৮০.২০১৫-১৮(৩); তারিখ : ০৪
জানুয়ারি, ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলা পরিষদের সীমানা প্রাচীর
নির্মাণের প্রস্তাবটি বিবেচনার পূর্বে নিম্নরূপ তথ্যাদিসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- ক) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র সুস্পষ্ট মতামতসহ কারিগরি প্রতিবেদন;
- খ) পরিষদে কতটুকু সীমানা প্রাচীর বিদ্যমান রয়েছে এবং তা কত বছর পূর্বে নির্মাণ করা হয়েছে সেসম্পর্কিত
প্রমাণক প্রেরণ;
- গ) পরিষদের সভায় অনুমোদিত প্রাক্কলন সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কর্তৃক যাচাইঅন্তে স্বাক্ষর
প্রদানের কপি প্রেরণ;
- ঘ) বর্তমানে কতটুকু সীমানা প্রাচীর নির্মাণ করতে হবে; এবং
- ঙ) সম্পূর্ণ সীমানা প্রাচীরের স্কেচ ম্যাপ এবং সম্পূর্ণ সীমানা প্রাচীরের রঞ্জিণ ছবি প্রেরণ।

J.M.
(ড. জুলিয়া মর্দন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

উপজেলা নির্বাহী অফিসার
তেঁতুলিয়া, পঞ্চগড়।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তেঁতুলিয়া, পঞ্চগড়।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।